

পঞ্চগড়ে সঙ্কটে দুটি সরকারি কলেজ

শিক্ষক ও অন্যান্য ৪৫ পদ শূন্য

■ পঞ্চগড় প্রতিনিধি

পঞ্চগড় জেলায় দুটি সরকারি কলেজ ঝুঁকছে শিক্ষক-স্বল্পতায়। দীর্ঘদিন থেকে পদ শূন্য পড়ে থাকায় বিদ্বিত হচ্ছে শিক্ষার পরিবেশ। মাঝে-মাঝে শূন্য পদে শিক্ষক দেয়া হলেও কিছুদিন থাকার পর তারা তদবির করে বদলি নিয়ে চলে যান। তাই বছরের পর বছর কলেজ দুটির অনেক পদ শূন্য থেকেই যাচ্ছে। সেই সাথে শ্রেণিকক্ষের সংকট থাকায় কলেজ দুটিতে ভর্তি হতে আগ্রহী হচ্ছে না উচ্চ শিক্ষায় আগ্রহীরা। তাই উচ্চবিত্ত ও মধ্যবিত্ত ঘরের ছেলে-মেয়েরা উচ্চশিক্ষার জন্য ভর্তি হতে ঝুঁকছে দেশের বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে। আর অন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ না পেলে তারা এ দুটি সরকারি কলেজে ভর্তি হতে বাধ্য হচ্ছে।

পঞ্চগড়ের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান পঞ্চগড় মরুবুর্জার রহমান সরকারি কলেজ। ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে এই কলেজে ৫টি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়। বর্তমানে এই কলেজে ৮টি বিষয়ে অনার্স কোর্সসহ মাস্টার্স কোর্স চালু রয়েছে। এছাড়া প্রভাবিত রয়েছে আরো ৩টি বিভাগ। ৫টি বিষয়ে মাস্টার্স কোর্সও চালু রয়েছে। এই কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের পদ ছাড়া সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক প্রভাষক, সহকারী প্রোগ্রামার ও প্রদর্শকের পদ রয়েছে ৪৭টি। সব মিলিয়ে বর্তমানে কর্মরত রয়েছেন ২৮ জন। পঞ্চগড় সরকারি মহিলা কলেজে ৬২টি পদের মধ্যে কর্মরত রয়েছেন ৩৪ জন। ২ জন সহযোগী অধ্যাপকসহ ২৬টি প্রভাষকের পদ শূন্য রয়েছে। কলেজটিতে বর্তমানে বাংলা, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ভূগোল, দর্শন, গণিত, ব্যবস্থাপনা ও মার্কেটিংসহ ৯টি বিষয়ে অনার্স কোর্স চালু রয়েছে। শিক্ষার্থীর সংখ্যা সাড়ে ৩ হাজারের বেশি। শিক্ষক ও শ্রেণিকক্ষের সংকট প্রকট হওয়ায় এ কলেজে শিক্ষাদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।